

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী অনুষ্ঠিত
গণশুনানী সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মো: আজিজুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।
সভার তারিখ ও সময় : ১৫ জুন, ২০২২খ্রি, বেলা ১১.০০ টা।
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গণশুনানীর কার্যক্রম শুরু করেন। সভাপতির প্রারম্ভিক বক্তব্যে সভায় উপস্থিত সদস্যবৃন্দকে অবহিত করা হয় যে, সোনার বাংলা গড়ায় প্রত্যয়ে ২০১২ খ্রিঃ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। জনপ্রশাসনে দায়বদ্ধতা বৃদ্ধি ও নাগরিক সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত প্রাতিষ্ঠানিক গণশুনানী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ৩.৩-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি বলেন, দেশে সুশাসন প্রতিষ্ঠা করে প্রান্তিক জনসাধারণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান।

তিনি বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদকবিরোধী কার্যক্রমকে গণআন্দোলনে রূপান্তর করার লক্ষ্যে বিভিন্ন শ্রেণী পেশার মানুষকে সম্পৃক্ত করে একটি সমন্বিত কর্মপরিকল্পনা (Acticon Plan) প্রস্তুত করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা চূড়ান্তকরণে বিভিন্ন বিভাগ, জেলা ও উপজেলায় কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। উক্ত Acticon Plan চূড়ান্তের পর তা বাস্তবায়ন শুরু হলে মাদকের অপব্যবহার অনেকাংশে কমে আসবে।

০২। অতঃপর সভাপতি সহকারী পরিচালক (গণসংযোগ)-কে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ জানান। পাশাপাশি উপস্থিত স্টেকহোল্ডারগণকেও তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য আহবান জানান।

০৩। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :

- জনাব কপোল কুমার লাল, সিএস লাইসেন্সী, বদরগঞ্জ, রংপুর বলেন, অবৈধ মাদকের পাশাপাশি বিযাক্ত স্পিরিটের ব্যবহার নির্মূলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শকগণের অভিযান পরিচালনা আরো বৃদ্ধি করা প্রয়োজন।
- জনাব স্বপন সরকার, সিএস লাইসেন্সী, লালমনিরহাট বলেন, মদ্য জাতীয় পানীয়ে অ্যালকোহলীয় শক্তি পরিমাপের জন্য হাইড্রোমিটার প্রয়োজন। পণ্যগার থেকে অ্যালকোহল নেয়ার সময় হাইড্রোমিটার দ্বারা সুরাশক্তি পরিমাপ করতে পারলে মদ্য জাতীয় পানীয়ের গুণগত মান সম্পর্কে নিশ্চিত হওয়া যায়। তাছাড়া তিনি প্রতি ৩ মাস পর পর স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা বা গণশুনানী আয়োজনের আহ্বান জানান।
- জনাব লুৎফর রহমান মানিক, সেফ হোম মাদকাসক্ত ও পুনর্বাসন কেন্দ্র বলেন, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য জেলা পর্যায়ে জেলা কমিটি এবং বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিটি রয়েছে। তারা কার্যক্রম মনিটরিং করার ফলে নিরাময় কেন্দ্রের গুণগত মান বৃদ্ধি পাচ্ছে। এ ধারা অব্যাহত রাখার জন্য তিনি অনুরোধ করেন।
- জনাব গিয়াস উদ্দিন, টানবাজার দেশি মদের দোকান, নারায়ণগঞ্জ বলেন, সাম্প্রতিক সময়ে নারায়ণগঞ্জ জেলায় অবৈধ মাদকের সরবরাহ বৃদ্ধি পেয়েছে। তিনি অবৈধ মাদককারবারিদের বিরুদ্ধে অভিযান পরিচালনার মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

10/06

PK/lin


স্বপন

স্বপন

০৪। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	দেশী মদের সুরা শক্তির গুণগতমান যাচাই-বাছাই করার লক্ষ্যে সকল পণ্যাগারে হাইড্রোমিটার এর ব্যবহার নিশ্চিত করণে সকল পণ্যাগারে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৪.২	অবৈধ মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা বাড়াতে হবে।	পরিচালক (অপারেশনস্)/ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান
৪.৩	অধিদপ্তরের কর্মকর্তাগণ বিভাগীয়/জেলা কার্যালয় পরিদর্শনের সময় সংশ্লিষ্ট জেলার বেসরকারি মাদকাস্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন এবং চেকলিস্ট অনুযায়ী মনিটরিং অব্যাহত রাখবেন।	পরিচালক (চিকিৎসা ও পূর্বাসন)/ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান
৪.৪	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা বা গণশুনানী প্রতি ৩ মাস পর পর আয়োজন করতে হবে;	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (গনসংযোগ)

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে গণশুনানীর সমাপ্তি ঘোষণা করেন।



(মো: আজিজুল ইসলাম)

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)


নং-৫৮.০২.০০০০.০০৬.১২.০০৩(পার্ট-১).২১.২৫৬৩

তারিখ: ০৫ আষাঢ়, ১৪২৯

১৯ জুন, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দে: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাস্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাস্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৯। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১০। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১১। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। অফিস কপি।



(শামীম আইসিএ)

উপপরিচালক (প্রশাসন)